# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**ইসলাম শিক্ষা প্রথম পত্র** — বিষয় কোড: | ২ | ৪ | ৯ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** ফাহিম বিশ্ববিদ্যালয়ে একটি বিষয়ে অনার্সের ছাত্র। যাতে সে স্রষ্টার পরিচয় জানার পাশাপাশি পৃথিবীতে মানুষের দায়িত্ব কর্তব্য বিষয় শিখতে পারছে। এ বিসয়ে পড়াশুনার ফলে তার দুনিয়া ও পরকালের জীবন সুন্দর হবে বলে সে প্রত্যাশা করে। ফাহিমের অবসরপ্রাপ্ত শিক্ষক পিতা মসজিদে সকাল বেলা ছোট-ছোট ছেলে-মেয়েদের কুরআন, হাদিস ও পবিত্রতার পদ্ধতি ইত্যাদি জ্ঞান শিক্ষা দেন।

ক. ইসলামী সংস্কৃতি কী? ১

খ. 'ইসলামী শিক্ষা একটি পূর্ণাঙ্গ শিক্ষা'- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ফাহিম কোন বিষয়ে পড়াশুনা করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ফাহিমের পিতার কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক তোমার পাঠ্যপুস্তকের আলোকে এর গুরুত্ব বর্ণনা কর। ৪

**২.▶** আমিরাবাদ ইউনিয়নের একটি ওয়ার্ড সোনাপুর। এখানকার অধিকাংশ বাসিন্দা একক স্রষ্টায় বিশ্বাসী, সবাই মিলেমিশে বাস করে। কোন বিরোধ দেখা দিলে তারা মিমাংসার জন্য নির্বাচিত জনপ্রতিনিধির স্মরণাপন্ন হয়। তিনি সর্বশেষ প্রেরিত পুরুষের দেখানো মতে সমাধান দেন। শহর ফেরত বেকার যুবক টগর বাজারে সবার বিনোদনের জন্য একটি দোকানে মেশিনের খেলা চালু করেছে। যাতে কেউ জিতলে টগর তাকে ২০ টাকা দেয়, হারলে টগরকে ১০ টাকা দিতে হয়। ওয়ার্ড মেম্বারের দৃষ্টিগোচর হলে তিনি এটি বন্ধ করার নির্দেশ দেন।

ক. ঘুষ কী? ১

খ. 'মিথ্যা সকল পাপের মুল'- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সোনাপুর ওয়ার্ডের কার্যক্রম কোন সমাজব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে টগরের বিনোদনের দোকানটি বন্ধের নির্দেশের সাথে তুমি কি একমত? তোমার মতের সমর্থনে যুক্তি দেখাও। ৪

**৩.▶** সমির একটি বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি আধুনিক চালের মিল চালু করেছে। এজন্য সে ব্যাংকটিতে প্রতি মাসে নির্দিষ্ট হারে অতিরিক্ত টাকাসহ কিস্তি পরিশোধ করে। সে মিলটিতে মোটা চাল সরু করে ১নং

Teachingbd24.com

মিনিকেট চাল তৈরি করে এবং বাজারজাত করে। এতে বেশ মুনাফা অর্জন করে।

ক. মাদকাসক্তি কী? ১
খ. হাত কাটাকে কেন চুরির দৃষ্টান্তমূলক শাস্তি বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সমিরের ঋণের প্রক্রিয়াটি কীসের শামিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সমিরের চাল উৎপাদন প্রক্রিয়াটি চিহ্নিতপূর্বক এর সুফল বা কুফল বর্ণনা কর। ৪

৪.▶ বৃত্তি নিয়ে তাওহিদ একটি দেশে গমন করে দেখতে পান, সে দেশের সংবিধানে উল্লেখ আছে স্রষ্টাই ক্ষমতার মালিক। যে কোনো সংকটে সংসদের পরামর্শ মোতাবেক নির্বাহী প্রধান সিদ্ধান্ত গ্রহণ করেন। রাষ্ট্রের নাগরিক মি. জ্যাকব একটি বৃহৎ ঔষধ ফ্যাক্টরির জন্য জমি বরাদ্দের আবেদন জানালে সরকার তা মঞ্জুর করে।

ক. মজলিসে শুরা কী? ১
খ. 'বাক স্বাধীনতা' কোন ধরনের অধিকার? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে রাষ্ট্রটি কোন রাষ্ট্র ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. জ্যাকবের ক্ষেত্রে রাষ্ট্রের ভূমিকা চিহ্নিতপূর্বক এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫.▶ রাসুল (সাঃ) এর জীবদ্দশায় কোনো সমস্যা দেখা দিলে এর সমাধানের সহজ ও স্বাভাবিক পথ ছিল। স্বয়ং আল্লাহ পাকের পক্ষ থেকে এর সমাধান এসে যেতো। এটা কখনো হয়তো প্রত্যক্ষ ওহির মাধ্যমে, কখনো বা পরোক্ষ ওহির মাধ্যমে। রাসুল (সাঃ) এর ইন্তিকালে এ পথ বন্ধ হয়ে যায়। এ সময় শুরু হয় বুদ্ধিবৃত্তির চিন্তা ও গবেষণার মাধ্যমে সমস্যা সমাধান।

ক. সাহাবা কাকে বলে? ১
খ. ফিকহশাস্ত্রের প্রধান দুটি উৎসবের ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে কোন বিষয়ের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'বুদ্ধিবৃত্তিক চিন্তা বা গবেষণার' স্বরূপ বিশ্লেষণ কর।৪

৬.▶ আশিক ও আরফান দুই বন্ধু। আশিক সকল ইবাদত যথাযথভাবে পালন করেন। আরফান সালাত আদায় করেন কিন্তু প্রচুর সম্পদের মালিক হওয়া সত্ত্বেও যাকাত আদায় করেন না। একদা আশিক আরফানকে বললেন,

Teachingbd24.com

সত্যিকারের ইমানদার হতে হলে ইসলামের সকল বুনিয়াদি আমল পালন করা আবশ্যক।

ক. ইসলামের বুনিয়াদ কয়টি? ১

খ. 'সাওম ঢালস্বরূপ' ব্যাখ্যা কর? ২

গ. আরফানের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে কিরূপ? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. আশিকের উক্তিটি ব্যাখ্যা কর। ৪

**৭.** ▶ জনাব কবীর বলেন, বর্তমান সংঘাতময় পথিবীতে আবু বকর (রাঃ) এর মতো রাষ্ট্রপ্রধান যদি থাকতো তাহলে এ পৃথিবীতে এতো শান্তি বিরাজ করতো না। তার বন্ধু রাফি বললেন, ইসলামের খিলাফতের শাসনামল ছিল বিশ্বের সেরা শাসনামল। বর্তমান রাষ্ট্রনেতাদের উচিত তাদেরকে অনুসরণ করে দেশ পরিচালনা করা।

ক. ইসলামী রাষ্ট্র কী? ১

খ. খোলাফায়ে রাশেদিন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোচিত শাসনামলের শাসকগণের নাম লিখে তাদের যোগ্যতা ও গুণাবলি সম্পর্কে বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত শাসনামলে শাসকদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে আলোচনা কর। ৪

**৮.** ▶ রিয়াজ একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি নিয়মিত সালাত আদায়সহ তিনি ইসলামের অন্যান্য বিধানও পালন করে থাকেন। কিন্তু উৎকোচ গ্রহণ ছাড়া তিনি কোনো ফাইলে সই করেন না। ইমাম সাহেব তাকে ডেকে বললেন, এটা অন্যায় পথ, ত্যাগ করুন কারণ হালার উপার্জন ছাড়া কোনো ইবাদত আল্লাহর কাছে কবুল হবে না।

ক. কাযযাব অর্থ কী? ১

খ. তাকওয়ার স্তর কয়টি ও কী কী? ২

গ. জনাব রিয়াজের উপার্জন ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইমাম সাহেবের সর্বশেষ উক্তিটির স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৯.** ▶ রাসেল সোহান একাদশ শ্রেণির ছাত্র। রাসেল টিফিন পিরিয়ডে জামাতের সাথে নামাজ আদায় করে। এছাড়াও সে সব সময় ইসলামী সংস্কৃতির অনুসরণ

https://teachingbd24.com

করে। একদিন সে সোহানকে নামাজের আহ্বান জানালে সোহান নামাজে অংশগ্রহণ করে এবং এর পর থেকে প্রতিদিনই নামাজ আদায় করে।

ক. সমাজব্যবস্থার প্রথম ইউনিট কী? ১

খ. মাতাই সন্তানের সর্বাপেক্ষা আপনজন কেন? ২

গ. উদ্দীপকে রাসেলের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সোহানের এ পরিবর্তনের কারণ কী? তার মধ্যে কীসের অভাব ছিল বলে তুমি মনে কর। বিশ্লেষণ কর। ৪

১০. ▶




ক. মানুষ কী হিসেবে পৃথিবীতে এসেছে? ১

খ. 'মদিনা সনদ বিশ্বের প্রথম লিখিত সংবিধান'- ব্যাখ্যা কর। ২

গ. '?' চিহ্নিত স্থানে কী নির্দেশ করে? মুসলিম বিশ্বের তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. '?' চিহ্নিত স্থানে নির্দেশিত বিষয়ের উল্লিখিত বৈশিষ্ট্য ছাড়া আর কী কী বৈশিষ্ট্য থাকতে পারে? বিশ্লেষণ কর। ৪

১১. ▶ দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে তাদের শিক্ষক জনাব হাফিজ কুয়াকাটা বেড়াতে গেলেন। সেখানে তাবু গেড়ে সৈকতের কাছে রাত্রি যাপনের ব্যবস্থা করা হলো। শিক্ষক তাবুটি দেখিয়ে বললেন, ইসলাম এই তাবুর ন্যায় এবং এটি পাঁচটি খুঁটির ওপর প্রতিষ্ঠিত। তিনি আরও বলেন, ইসলামের এ পাঁচটি খুঁটি বা ইবাদতসমূহ আল্লাহ্ আনুগত্য প্রকাশের মাধ্যমে।

ক. সকল ইবাদতের মূল কী? ১

খ. ইবাদত বলতে কী বোঝ? ২

গ. মানুষ কীভাবে আল্লাহর আনুগত্য প্রকাশ করতে পারে? ৩

ঘ. 'ইসলাম পাঁচটি খুঁটির ওপর প্রতিষ্ঠিত'- উক্তিটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

ইসলাম শিক্ষা প্রথম পত্র | বিষয় কোড | ২ | ৪ | ৯ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

**১. ইসলাম শব্দের অর্থ কী?**
ⓚ শান্তি　ⓚ আত্মসমর্পণ করা
ⓖ ঈমান আনা　ⓖ মুসলিম হওয়া

**২. দারুল আরকাম কী?**
ক) একটি মসজিদ
খ) একটি অচেনা স্থান
গ) একটি শিক্ষায়তন
ঘ) একটি অডিটোরিয়াম

**৩. মুসলমানের প্রতিটি সৎ কাজের সূচনায় 'বিসমিল্লাহ' বলে শুরু করতে হয়, তা-না করলে উক্ত কাজটি—**
i. বিলম্বে সম্পন্ন হয়
ii. অসম্পূর্ণ থেকে যায়
iii. নিম্নমানের থেকে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**৪. 'তাক্ওয়া' শব্দের অর্থ কী?**
ক) আমল করা　খ) ভয় করা
গ) আনুগত্য করা　ঘ) সিজদা করা

**৫. সত্যবাদিতা মানুষকে কোন পথে পরিচালিত করে?**
ক) আলোর পথে　খ) ভালো কাজের পথে
গ) পূণ্যের পথে　ঘ) জ্ঞান অর্জনের পথে

**৬. মানব মানবিক সামগ্রিক জীবনের প্রথম ভিত্তি প্রস্তর কোনটি?**
ক) সমাজ　খ) পরিবার
গ) রাষ্ট্র　ঘ) পরকাল

**৭. নিচের কোনটি ইসলামি পরিবারের সুফল?**
i. সুখ-শান্তি আনয়ন করা
ii. সদস্যদের প্রতি সহানুভূতিশীল হয়
iii. পরস্পরের প্রতি দায়িত্ব সচেতন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
পিতার ইন্তেকালের পর চার ভাই এবং দুই বোনের মধ্যে বড় ভাই ইনসাফ ও ন্যায় বিচার অনুযায়ী সম্পদ ভাগ করতে গেলে ছোট ভাই তাদের বোনদের ভাগ দিতে আপত্তি করে।

**৮. বড় ভাইয়ের বোনদের সম্পদ ভাগ করে দেয়া—**
ক) প্রতিশ্রুতি　খ) কর্তব্য
গ) সততা　ঘ) অন্যায়

**৯. ছোট ভাই কোন বিধানটি লঙ্ঘন করেছে?**
ক) ফরয　খ) সুন্নত
গ) মুস্তাহাব　ঘ) হারাম

**১০. শান্তি প্রতিষ্ঠার মূল ভিত্তি কী?**
ক) জিহাদ　খ) আমানত
গ) আপ্যায়ন　ঘ) আদল

**১১. ইসলামের সকল সৎ গুণের মূল কোনটি?**
ক) শরিয়ত　খ) তাক্ওয়া
গ) হাবিবুল্লাহ　ঘ) আকীদাহ

**১২. জ্ঞান বিজ্ঞানের প্রাণকেন্দ্র বলা হয় কোন নগরীকে?**
ক) কুফা　খ) বসরা
গ) বাগদাদ　ঘ) জেরুজালেম

**১৩. আল্লাহর সন্তুষ্টির জন্য যে কোনো কাজকে কী বলা হয়?**
ক) যিকির　খ) ইবাদ
গ) সিদক　ঘ) তাসাউফ

**১৪. আল হিক্মা শব্দের অর্থ কী?**
ক) প্রজ্ঞা　খ) রায়
গ) আত্মা　ঘ) সত্য

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
আনিস একজন ইসলামী বিদ্বেষী লোক। কিন্তু কোনো বিপদে পড়লে মাঝে মধ্যে তাকে মসজিদে গিয়ে সালাত আদায় করতে দেখা যায়। তার মতাদর্শের বন্ধুরা এর কারণ জিজ্ঞেস করলে তিনি প্রত্যুত্তরে বলে, আরে আমি তো তোমাদের সাথেই আছি।

**১৫. জনাব আনিসের এরূপ আচরণ কার আচরণের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক) কাফির　খ) মুনাফিক
গ) মুশরিক　ঘ) ফাসিক

Teachingbd24.com

১৬. **পবিত্র কুরআনের আলোকে জনাব আনিসের এই পরিণতি হবে যে তিনি হেদায়াতের বিষয়ে—**

i. অন্ধ থাকবে
ii. বোবা থাকবেন
iii. বধির থাকবেন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. **পবিত্র কুরআনের কোন সূরাকে 'উম্মুল কুরআন' বলা হয়?**

ক) সূরা বাকারা খ) সূরা ইয়াসিন
গ) সূরা ফাতিহা ঘ) সূরা আর-রহমান

১৮. **মাদানী সূরার বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে—**

i. তাওহীদ, রিসালাত ও আখিরাতের বিবরণ
ii. মুনাফিক ও ইহুদীদের ষড়যন্ত্রের আলোচনা
iii. অতীত জাতির অবাধ্যতা ও পরিণতির বিবরণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. **কুরআন নাযিলের সাথে সাথে মহানবি (স) তার সংরক্ষণের জন্য কী করতেন?**

ক) লিখে রাখার চেষ্টা
খ) দ্রুত মুখস্তের চেষ্টা
গ) সাহাবিদের শেখানোর চেষ্টা
ঘ) বারবার শোনানোর অনুরোধ

২০. **মসজিদে নববীর প্রাঙ্গনে যারা সব সময় অবস্থান করতেন নবি করিম (স)-এর বাণী শোনার জন্য তাদেরকে বলা হতো—**

ক) আহলে বাইয়াত খ) আহলে সুন্নাহ্
গ) আহলে সুফফা ঘ) আহলে রায়

২১. **রাষ্ট্রীয় ব্যবস্থাপনা কোন শাসকের আমলে হাদিস সংকলনের কাজে সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়?**

ক) খলিফা আল-মানসুর
খ) খলিফা হারুনুর রশীদ
গ) খলিফা উমর ইবনে আবদুল আযীয
ঘ) খলিফা আল-মামুন

২২. **বিজ্ঞানের বিভিন্ন শাখায় গভীর গবেষণার জন্য খলিফা আল মামুন যে মান মন্দির প্রতিষ্ঠা করে তার নাম—**

ক) বায়তুল্লাহ
খ) বাইতুল আরদ
গ) বায়তুল হুদা
ঘ) বাইতুল হিক্মা

২৩. **আরোব্য উপন্যাস 'আলিফ লায়লা' কোন শাসকের আমলে রচিত হয়?**

ক) আল মানসুর খ) হারুনুর রশীদ
গ) সুলতান মাহমুদ ঘ) উমর সানী

২৪. **ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খলজি কত খ্রিস্টাব্দে বঙ্গ বিজয় করেন—**

ক) ১২০৪ খ্রি: খ) ১৪০৬ খ্রি:
গ) ১৩০২ খ্রি: ঘ) ১২০২ খ্রি:

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

প্রবাসী আক্কাস আলী দীর্ঘদিন আমেরিকায় বসবাস করার পর সম্প্রতি দেশে ফিরেছে। তার ছোট বেলার বন্ধু আশরাফ আলীর সাথে সাক্ষাত হলে প্রথমেই আস্সালামু আলাইকুম বলে সালাম দিল। কিন্তু আক্কাস আলী সালামের জবাব না দিয়ে হাত উচিয়ে বললো 'হাই'।

২৫. **আশরাফ আলীর সালাম প্রদানের পদ্ধতি কী রূপ আদর্শ?**

ক) পাশ্চাত্য সংস্কৃতি আদর্শ
খ) যে কোনো সংস্কৃতি আদর্শ
গ) মধ্যযুগীয় সংস্কৃতি আদর্শ
ঘ) ইসলামী সংস্কৃতি আদর্শ

২৬. **আক্কাস আলী আস্সালামু আলাইকুম এর উত্তরে 'হাই' বলে কোন বিধানটি লঙ্ঘন করেছে।**

ক) ফরজ খ) ওয়াজিব
গ) সুন্নত ঘ) মুস্তাহাব

২৭. **মসজিদের স্থানটি কী রূপ হতে হবে?**

ক) ওয়াক্ফকৃত খ) হেবাকৃত
গ) হাদিয়াকৃত ঘ) অনুদানকৃত

২৮. **মুনাফিকের লক্ষণ কয়টি?**

ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

২৯. **'রিবা' শব্দের অর্থ কী?**

ক) বিনিময় খ) অতিরিক্ত
গ) ব্যবসা ঘ) উৎপাদন

৩০. **শিরক করা কোন ধরনের গুণাহ—**

ক) সগীরা গুণাহ খ) কবীরা গুণাহ
গ) মুবাহ্ ঘ) হারাম

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |

https://teachingbd24.com